

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে 'আমার মাতৃভাষা' অনুষ্ঠান



আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০ উপলক্ষে ২৪ ফেব্রুয়ারি ২০২০-সোমবার বাংলাদেশ উদীচি শিল্পীগোষ্ঠী, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংসদের আয়োজনে 'আমার মাতৃভাষা' অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের ভাস্কর্য চত্বরে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

এসময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ সহ বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।